

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৩১.১৮- ২০৮

তারিখ: ২২.০৭.২০১৮খ্রি.

বিষয়: নাটোর জেলার সিংড়া উপজেলাধীন আয়েশ বছিরুল উলুম আলিম মাদরাসার সহকারী শিক্ষক (গণিত) জনাব মো: রায়হান আলী এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) আয়েশ বছিরুল উলুম আলিম মাদরাসার স্মারক নং- আ: ব: উ: আ: মা:/২০১৭/৩৮

তারিখ: ২১.০৮.২০১৭ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে নাটোর জেলার সিংড়া উপজেলাধীন আয়েশ বছিরুল উলুম আলিম মাদরাসার সহকারী শিক্ষক (গণিত) জনাব মো: রায়হান আলী এর জানুয়ারী/২০১৭ থেকে মে ২০১৭ খ্রি. মাস পর্যন্ত এবং ঈদ বোনাসসহ মোট ৬৯,৩৭৫/- (উনসত্তর হাজার তিন শত পচাত্তর টাকা) বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য অধ্যক্ষ কর্তৃক আবেদন করা হয়েছে।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, তৎকালীন গভর্নিং বডি'র সাথে বিবাদের কারণে আয়েশ বছিরুল উলুম আলিম মাদরাসার সহকারী শিক্ষক (গণিত) জনাব মো: রায়হান আলীর জানুয়ারী/২০১৭ থেকে মে/২০১৭ খ্রি. মাস পর্যন্ত এবং ঈদ বোনাসসহ মোট ৬৯,৩৭৫/- (উনসত্তর হাজার তিন শত পচাত্তর) টাকা উত্তোলন করতে পারেননি।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলা বা অন্য কোন কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসেবে তা উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৩. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো নির্দেশিকা-২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ১৮(৬) অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


22.07.18

(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইলঃ adfinance.dme@gmail.com

অধ্যক্ষ

আয়েশ বছিরুল উলুম আলিম মাদরাসা

ডাক: বিয়াশ, উপজেলা: সিংড়া, জেলা: নাটোর।

অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সিংড়া, নাটোর।
- ৫। সভাপতি, আয়েশ বছিরুল উলুম আলিম মাদরাসা।
- ৬। জনাব মো: রায়হান আলী, সহকারী শিক্ষক (গণিত) আয়েশ বছিরুল উলুম আলিম মাদরাসা।
- ৭। অফিস কপি।